

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৩১

২৭ এপ্রিল ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

### শিক্ষা উপদেষ্টার সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সাক্ষাৎ

মাননীয় শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরারের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ রবিবার (২৭ এপ্রিল ২০২৫) অপরাহ্নে সচিবালয়ে শিক্ষা উপদেষ্টার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাতকালে উপাচার্য নোবিপ্রবির প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আগামী ২২ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য 'রিসার্চ ফেয়ার ও অ্যাকাডেমিক এক্সিলেন্সি অ্যাওয়ার্ডস' ((Research Fair & Academic Excellences Awards)) অনুষ্ঠানের আমন্ত্রণপত্র তুলে দেন। এ সময় মাননীয় উপদেষ্টা সাদরে নোবিপ্রবির আমন্ত্রণ গ্রহণ করেন।

মতবিনিময়কালে নোবিপ্রবি উপাচার্য উপদেষ্টার কাছে বিশ্ববিদ্যালয়ের গুণগত উচ্চশিক্ষার স্বার্থে শিক্ষক ও অবকাঠামো চাহিদার কথা তুলে ধরেন। নোবিপ্রবি উপাচার্য এসময় উপদেষ্টাকে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনাসমূহের সর্বশেষ অবস্থা সম্পর্কে অবহিত করে নোবিপ্রবির উন্নয়নে তাঁর সহযোগিতা কামনা করেন।

স্বাক্ষরিত

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর